

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 07-10-2024

**Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) শারদীয়া দুর্গোৎসবে আজ চতুর্থীতেই রাজধানী আগরতলা সহ মফস্বলের শহরগুলি উৎসব মুখর হয়ে উঠেছে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন উজ্জ্বলন্ত প্রাসাদ হচ্ছে ত্রিপুরার সমৃদ্ধ ইতিহাস ও ঐতিহ্যের নির্দর্শন।
- (৩) সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে উত্তর-পূর্ব উন্নয়নের পথে দ্রুত এগিয়ে চলেছে।
- (৪) গুজরাটে আয়োজিত জাতীয় স্কুল জুড়ে প্রতিযোগিতায় ব্রোঞ্জ পদক পেয়েছে রাজ্যের শিয়ামি চাকমা।
- (৫) রাজ্যের পদ্মশ্রী অলিম্পিয়ান জিমনাস্ট দীপা কর্মকার অবসরের ঘোষণা দিলেন।

Durga Puja-C.M :

শারদীয়া দুর্গোৎসবে আজ চতুর্থীতেই রাজধানী আগরতলা সহ মফস্বলের শহরগুলি উৎসব মুখর হয়ে উঠেছে। আগামী বৃহস্পতিবার মহা ষষ্ঠী ও বোধনের মধ্যে দিয়ে শুরু হবে পাঁচ দিন ব্যাপী শারদীয়া দুর্গোৎসব। আজ শারদ উৎসবের চতুর্থী তিথির মধ্যে দিয়ে প্রতিমা দর্শনও শুরু হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক

ডা: মানিক সাহা আজ আগরতলা শহর ও শহরতলীর অন্তত ১০টি সার্বজনীন পূজা মন্ডপের পূজার উদ্বোধন করছেন। এরমধ্যে রয়েছে, জয়নগরের ঘুব সমাজ, নবদিগন্ত ক্লাব, ভট্টপুরুরে মর্ডান ক্লাব, বড়দোয়ালির স্বামী বিবেকানন্দ ক্লাব ও কৌরব ক্লাব, রামনগরের ক্লাড মাউথ ক্লাব, ভাটি অভয়নগরের ভ্রাতসংঘ, নেতাজি সুভাষ রোডের ছাত্রবন্ধু ক্লাব, আশ্রম চৌমুহনীর শতদল সংঘ, প্রতাপগড়ের গ্রিনএরো ক্লাব। আগরতলা শহরের বিভিন্ন রাজপথ আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে।

Durga Puja :

এবছর সারা রাজ্য আড়াই হাজারেরও বেশি দুর্গাপূজা হচ্ছে। এরমধ্যে শহর এলাকায় পূজো হচ্ছে ৮৭৮টি। পশ্চিম জেলায় পূজার সংখ্যা ৬৬১টি। দুর্গাপূজা উৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে এবছর প্রায় ছয় হাজার টি.এস.আর মোতায়েন করা হচ্ছে। আইনশৃঙ্খলা রক্ষায় কেন্দ্রীয় বাহিনী এবং রাজ্য পুলিশও মোতায়েন করা হবে বলে জানিয়েছেন এ আই জি অনন্ত দাস।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সরকারি পদে ২৩ বছর পূর্ণ করলেন। ২০০১ সালের এই দিনে প্রথমবারের মতো গুজরাটের মুখ্যমন্ত্রীর দায়িত্ব নেন। ২০০১ সালে এই দিনে নরেন্দ্র মোদি মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর রাজ্যের উন্নয়ন যাত্রাকে চিহ্নিত করতে আজ থেকে গুজরাট সরকার বিকাশ সপ্তাহ পালন করছে।

CM-Ujjayanta Palace :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন উজ্জ্বল প্রাসাদ হচ্ছে ত্রিপুরার সমৃদ্ধ ইতিহাস ও ঐতিহ্যের নির্দর্শন। তার পুনরুদ্ধার ও পুনসংস্করণের ফলে বিশ্বের দরবারে ত্রিপুরার নকশা একটি নতুন রূপে প্রতি স্থাপিত হবে। আজ আগরতলার উজ্জ্বল প্রাসাদের বাগানের পুনঃসংস্করণ ও পুনরুদ্ধার এবং বিভিন্ন প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন উত্তর গেটের সংস্করণ, ফুড কোর্ট স্থাপন, কৃষ্ণসাগরে লাইট এন্ড সাউন্ডের ব্যবস্থা ইত্যাদি পর্যটকদের আরো আকৃষ্ট করবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পর্ষটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, পুর কমিশনার শৈলেশ কুমার যাদব প্রমুখ।

CBC SWACHHATA :

কেন্দ্রীয় তথ্য সম্প্রচার মন্ত্রকের অধীন সেন্ট্রাল ব্যৱো অফ কমিউনিকেশন রাজ্য শাখার উদ্যোগে আজ আগরতলার পূর্ব ঘোগেন্দ্রনগর নেতাজি সুভাষ কলোনি উচ্চ বিদ্যালয় স্বচ্ছতা হি সেবা কর্মসূচি অনুষ্ঠিত হয়। শুরুতেই ছিল স্কুল চতুর ও এলাকায় সাফাই অভিযান। পরে স্কুলের অডিটরিয়ামে স্বচ্ছতা হি সেবা কর্মসূচির মূল অনুষ্ঠানের উদ্বোধন করেন আগরতলা পৌর নিগমের কর্পোরেটর রুমা দাস। উপস্থিত ছিলেন উত্তর পূর্বাঞ্চলের তথ্য সম্প্রচার মন্ত্রকের অতিরিক্ত মহা নির্দেশক কৃপা সংকর যাদব। আকাশবাণী আগরতলা কেন্দ্রের উপ-অধিকর্তা শুভাশীষ চন্দ, সেন্ট্রাল ব্যৱো অফ কমিউনিকেশন আগরতলা শাখার আধিকারিক সুদীপ্ত কর, স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মনোজ দেবনাথ, পরিচালন কমিটির সদস্য কার্তিক দাস। গাছের চারায় জল সিঞ্চনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। স্বচ্ছতা সম্পর্কে বলতে গিয়ে কর্পোরেটর রুমা দাস বলেন ব্যক্তিগত জীবনের পাশাপাশি সমাজকে সুন্দর ও সুস্থ রাখতে স্বচ্ছতা খুবই জরুরী।

সেই সঙ্গে আগামী প্রজন্মকে রক্ষা করতে পরিবেশ ও বায়ুমণ্ডলকে সুস্থ রাখার জন্য গাছ লাগানো খুবই প্রয়োজন। অনুষ্ঠানে উত্তর পূর্বাঞ্চলের তথ্য সম্প্রচার মন্ত্রকের অতিরিক্ত মহা নির্দেশক কৃপা সংকর ঘাদব বলেন, নদীদূষণ দেশের সবচেয়ে বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে। নখ কাটা, কাপড়চোপড় পরিষ্কার রাখা ও আশপাশের নর্দমা পরিষ্কার রাখা এসবের মধ্য দিয়ে পরিবেশ ও শরীর সুস্থ রাখার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। আকাশবাণীর আগরতলা কেন্দ্র উপ অধিকর্তা শুভাশীষ চন্দ বলেন স্বচ্ছতা নিয়ে ঘরে ঘরে গবেষণা করলে দেখা যায় শুন্দি স্বচ্ছতা শরীর ও মানসিকতাকে স্বচ্ছ রাখে। তাতে নানা ধরনের ব্যাধি থেকে নিজেকে যেমন রক্ষা করা যায় ঠিক পরিবেশকেও রক্ষা করা সম্ভব। এই কর্মসূচির অঙ্গ হিসাবে স্কুল চতুরে চারা গাছ রোপন করেন অতিথিরা। অনুষ্ঠানে স্কুল পড়ুয়াদের মধ্যে স্বচ্ছতা নিয়ে কুইজ প্রতিযোগিতা ও বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পরে তাদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

Jammu & Kashmir :

আগামীকাল জম্মু ও কাশ্মীরের পাশাপাশি হরিয়ানা বিধানসভা নির্বাচনের ভোট গণনা করা হবে। জম্মু কাশ্মীর এবং হরিয়ানায় ভোট গণনা শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য প্রতিটি জেলা সদরে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উল্লেখ করা যেতে পারে জম্মু ও কাশ্মীর এবং হরিয়ানা উভয় রাজ্যের ক্ষেত্রেই ৯০টি করে বিধানসভার আসন রয়েছে।

JJM :

জল জীবন মিশনে মোহনপুর মহকুমার মোহনপুর ও লেফুঙ্গা ব্লকে ১০০ শতাংশ বাড়িতে পাইপলাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এই মিশনে মোহনপুর ব্লকে ১০,৯৪৬টি বাড়িতে

এবং লেফুঙ্গা ব্লকে ৩, ৩৬৭টি বাড়িতে পাইপলাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে।

Shivraj Chouhan on farming culture :

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ বলেছেন যে সরকার দেশে কৃষি সংস্কৃতির উন্নয়নে কাজ করছে। আজ নয়াদিল্লিতে কৃষক ও কৃষক ইউনিয়নের সঙ্গে বৈঠকের পর শ্রী চৌহান বলেন যে এই সরকার কৃষকদের স্বার্থে কৃষি বিকাশ যোজনা এবং ফসল বিমা যোজনার মতো অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে।

Wildlife Week :

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা বলেছেন, পরিবেশের ভারসাম্য রক্ষা করার ক্ষেত্রে বন্যপ্রাণীদের রক্ষণাবেক্ষণ অত্যন্ত জরুরি। আজ আশারাম বাড়ি বিধানসভা কেন্দ্রের বেহালা বাড়ি বাজার মাঠে রাজ্যভিত্তিক বন্যপ্রাণী সপ্তাহ উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দেববর্মা, নির্মল বিশ্বাস, এমডিসি অনন্ত দেববর্মা। এই অনুষ্ঠানে রাজ্য বন দপ্তর আয়োজিত রাজ্যভিত্তিক বিভিন্ন কুয়েজ এবং বিতর্ক প্রতিযোগিতার প্রথম দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদের পুরস্কার প্রদান করা হয়।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই

আৱ নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য কৱন নিউজ-অন-এআইআৱ-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যাল্ডেলে আকাশবাণী নিউজ আগৱতলা / ফেসবুকে এ-আই-আৱ নিউজ আগৱতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগৱতলা।

100 days :

কেন্দ্ৰীয় বিজ্ঞান ও প্ৰযুক্তি মন্ত্ৰী ড. জিতেন্দ্ৰ সিং বলেছেন যে মহাকাশ স্টাৰ্ট আপ উদ্যোগ তহবিলের জন্য ১০০০ কোটি টাকা বৰাদৰ কৱা হয়েছে। নয়াদিল্লিতে মোদি সরকাৰেৰ তৃতীয় পৰ্যায়েৰ-প্ৰথম ১০০ দিনেৰ সাফল্যে সম্পর্কে কথা বলতে গিয়ে মন্ত্ৰী বলেন যে গত দশ বছৰে দেশে মহাকাশ স্টাৰ্ট-আপেৰ সংখ্যা দেড় লক্ষেৰও বেশি হয়েছে যা ভাৰতকে বিশ্ব ইকোসিস্টেমে তিন নম্বৰ স্থানে উন্নীত কৱেছে।

Kiren Rijiju :

সংসদ বিষয়ক মন্ত্ৰী কিৱেন রিজিজু বলেছেন যে প্ৰধানমন্ত্ৰী নৱেন্দ্ৰ মোদিৰ নেতৃত্বে উত্তৰ-পূৰ্ব উন্নয়নেৰ পথে দ্রুত এগিয়ে চলেছে। একটি সংবাদ সংস্থাকে দেওয়া এক সাক্ষাৎকাৰে মন্ত্ৰী বলেছেন যে মণিপুৱেৰ কয়েকটি ঘটনা ছাড়া সমগ্ৰ উত্তৰ-পূৰ্ব অঞ্চলে শান্তি বিৱাজ কৱেছে। তিনি বলেন, প্ৰধানমন্ত্ৰী মোদি ক্ষমতা গ্ৰহণেৰ পৱ থেকে উত্তৰ-পূৰ্বাঞ্চলে ১০ হাজাৰেৰ বেশি জঙ্গি অন্তৱ্যসহ আত্মসমৰ্পণ কৱে স্বাভাৱিক জীবনে ফিৱে এসেছে।

Cloth Distribution-Unakoti :

আসন্ন দুৰ্গোৎসবকে সামনে রেখে আজ কৈলাশহৱেৰ ভগবাননগৱ এলাকায় এক বন্দুদান কৰ্মসূচি অনুষ্ঠিত হয়। দেড় শতাধিক দুঃস্থ

নাগরিকদের মধ্যে শাড়ি ও পাছড়া বিতরণ করা হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়। তিনি বলেন, কিছুদিন আগে প্রবল বন্যায় ব্যাপক ক্ষতিসাধিত হয়েছে। এরমাঝেও শ্রেষ্ঠ উৎসব দুর্গাপূজার আয়োজন চলছে সর্বত্র-ই। পূজার আনন্দ সবার মধ্যে ছড়িয়ে দিতে ও আনন্দকে ভাগ করে নিতে এধরনের বন্ধুদান কর্মসূচির আয়োজন।

Medal in Judo :

গুজরাটে আয়োজিত জাতীয় স্কুল জুড়ো প্রতিযোগিতায় ব্রোঞ্জ পদক পেয়েছে রাজ্যের শিয়ামি চাকমা। পাঞ্চাটের সর্দার প্যাটেল স্পোর্টস কমপ্লেক্সে আয়োজিত অনূর্ধ্ব ১৪ বছরের মেয়েদের ৩৬ কেজি ওজন বিভাগে শিয়ামি একমাত্র ব্রোঞ্জটি পায়।

Dipa's Retirement :

রাজ্যের পদ্মশ্রী অলিম্পিয়ান জিমনাস্ট দীপা কর্মকার অবসরের ঘোষনা দিলেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে নিজের ব্যক্তিগত একাউন্টে দীপা অবসরের এই সিদ্ধান্ত জানান। তবে প্রতিযোগিতা মূলক আসর থেকে অবসর নিলেও দীপা জিমন্যাস্টিক্সের প্রসারে আগামীদিনে কাজ করে যাবেন। উল্লেখ্য, ২০১৬ সালে রিও অলিম্পিকে দীপা দেশের প্রথম জিমন্যাস্ট হিসেবে অংশ নিয়ে ভল্টিং টেবিলে ফাইনাল উঠে চতুর্থ হন। এছাড়া এশিয়ান চ্যাম্পিয়নশীপে স্বর্ণ পদক জয় করেন। তিনি দেশের খেলাধুলার সর্বোচ্চ খেল রত্ন সম্মান সহ অর্জুন সম্মানেও ভূষিত হয়েছিলেন।

Weather :

আবহাওয়া দপ্তরের পূর্বাভাসে বলা হয়েছে এবার দুর্গা পূজার চার দিন রাজ্যের সব জেলায় হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগরতলা আবহাওয়া দপ্তর থেকে আজ আগামী

সাত দিনের আবহাওয়ার পূর্বাভাস ঘোষণা করা হয়েছে। পূর্বাভাস অনুযায়ী আজ থেকে আগামী ১৩ই অক্টোবর পর্যন্ত রাজ্যের সব জেলায় বজ্রবিদ্যুৎ সহ মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম এবং সিপাহীজলা জেলার কয়েকটি স্থানে ভারী বর্ষণের সর্তকতা জারি করা হয়েছে।

* * * * *